তারিখ ... 24 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

দৈনিক বাংলা

৫০

# ব্যাঙের ছাতার মত বেসরকারী মেডিক্যাল কলেজ গড়ে উঠছে ঃ বিএমএ মহাসচিব

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)-এর মহাসচিব ডাঃ কাজী শহীদুল আলম বলেছেন, সকল প্রকার নিয়মনীতি লংঘন করে ব্যাঙের ছাতার মতো বে-সরকারী মেডিক্যাল কলেজ গড়ে উঠছে। তিনি বলেন, রাতারাতি গজিয়ে ওঠা এসব মেডিক্যাল কলেজের বিশ্ববিদ্যালয়ের এ্যাফিলিয়েশন নেই। নেই বিএমএন্ড-ডিসির অনুমোদন।

শনিবার ময়মনসিংহ মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত বিএমএ'র ময়মনসিংহ শাখার অভিষেক অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় ডাঃ কাজী শহীদুল আলম এ কথা বলেন।

অভিষেক অনুষ্ঠানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, বিএমএ'র সভাপতি ডাঃ এমএ মাজেদ, ডাঃ এ জেড এম জাহিদ হোসেন, ডাঃ মোঃ শারফুদ্দিন প্রমুখ।